# মে/২০১৯ মাসের দিনাজপুর সদর উপজেলার এনজিও কর্ম তৎপরতা সংক্রান্ত সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোঃ ফিরুজুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
দিনাজপুর সদর, দিনাজপুর।
সভার তারিখ ঃ ১৮/০৫/২০১৯ খ্রিঃ।
সময় ঃ ১১.০০ ঘটিকা।
স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ।

**সভায় উপস্থিত সম্মানিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট 'ক'- তে সন্নিবেশিত হল ঃ**

সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্য-বিবরণী সভায় পাঠ করে শুনানো হয়।

**আলোচনা ঃ বিবেচ্য মাসে দিনাজপুর সদর উপজেলাধীন কোন এনজিও/সংস্থা** মাল্টিমিডিয়া প্রেজেন্টেশনের মাধ্যমে সংস্থার পরিচিতি ও দিনাজপুর সদর উপজেলায় তাদের কর্ম পরিচালনার বিবরণ উপস্থাপন করেন নাই। সভাপতি গত মাসের প্রতিবেদন পরবর্তী মাসের ১ হতে ৭ তারিখের মধ্যে দাখিলের বিষয়ে উপস্থিত সকলকে অনুরোধ করেন।

**নিম্নে দিনাজপুর সদর উপজেলার এনজিও সমূহের মে/২০১৯ মাসের মাসিক প্রতিবেদন বাস্তবায়িত প্রকল্পের তথ্যাবলী প্রদত্ত হলোঃ**

| সংস্থার নাম | কার্যক্রমের বিবরণ | বিবেচ্য মাসে সংস্থার উল্লেখযোগ্য সমূহ | কর্ম এলাকা | মন্তব্য/সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| সনাক | (১) স্থানীয় সরকার সম্পর্কিত কার্যক্রম<br><br>(২) নারীর উন্নয়নমূলক কার্যক্রম | ➢ বিবেচ্য মাসে দিনাজপুর পৌরসভার কার্যক্রমে স্বচ্ছতা, জবাবদিহিতা নিশ্চিত করাসহ জনগনের নিকট পৌরসভার তথ্য সহজলভ্য করার লক্ষ্যে দিনাজপুর সনাক এর পক্ষ থেকে উক্ত প্রতিষ্ঠানের সেবা সম্পর্কিত তথ্য বোর্ড ২ মে ২০১৯ পৌরসভার সামনে স্থাপন করা হয়।<br>➢ ইউনিয়ন পরিষদে স্বচ্ছতা, জবাবদিহিতা ও পরিষদের কার্যক্রমে জন অংশ গ্রহণ বৃদ্ধি ও মতামত প্রদানের সুযোগ সৃষ্টির লক্ষে জনগনের উপস্থিতিতে ৪নং শেখপুরা ইউনিয়নে ২০১৯-২০ অর্থবছরের উন্মুক্ত বাজেট ঘোষণা অনুষ্ঠিত হয়।<br>➢ দারিদ্রপীড়িত সুবিধা বঞ্চিত নারীদের অধিকার নিশ্চিতকরা এবং ইউনিয়ন পরিষদের কার্যক্রমে স্বচ্ছতা আনায়নের লক্ষ্যে ২০১৯-২০২০ ভিজিডি চক্রের সদর উপজেলার সকল ইউনিয়নের ভিজিডি তালিকা সংগ্রহ ও বয়স্কভাতা এবং বিধবা ভাতার তালিকা সংগ্রহ করে রিপিটেশন যাচাইয়ের মাধ্যমে অসংগতিপূর্ণ কার্ডধারীদের নাম তালিকা হতে বাতিলের লক্ষ্যে উপজেলা নির্বাহী অফিার বরাবরে অনুরোধ জানানো হয় এবং জেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুলিপি প্রদান করা হয়। | দিনাজপুর সদর | |
| সোসাইটি ফর উদ্যোগ | (১) ঋণ কার্যক্রম<br><br>(৩) স্যানিটেশন কার্যক্রম<br>(৪) নারী নির্যাতন প্রতিরোধ ও নারীর ক্ষমতায়ন | বিবেচ্য মাসে ৭৯ জনকে ২৫,১৩,০০০/- টাকা ঋণ দেয়া হয়। ঋণ আদায় করা হয় ২৪,৬১,০২৬/- টাকা। সঞ্চয় আদায় করা হয় ২,৫৭,৬১৪/- টাকা এবং সঞ্চয় ফেরত প্রদান করা হয় ২,২১,৩০১/- টাকা।<br>বিবেচ্য মাসে উঠান বৈঠকে সদস্যদের স্যানিটেশন ব্যবহারে উদ্বদ্ধ করা হয়।<br>১ নং চেহেলগাজী, ৪নং শেখপুরা ইউনিয়ন ও পৌরসভায় দলীয় সদস্যদের মাঝে নারীর অধিকার আদায়, নারী শিক্ষা, বাল্যবিবাহ, যৌতুক, তালাক, বিরোধ নিস্পত্তি ইত্যাদি বিষয়ে উদ্বুদ্ধ করা হয়। | পৌরসভা<br>১নং ইউপি<br>৪নং ইউপি | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা আদেয়ের অনুরোধ করা হলো। |

| | | | | |
|---|---|---|---|---|
| | (৫) কৃষি ও পরিবেশ | বিবেচ্য মাসে নশিপুর নদিয়া পাড়ায় ২৫ জন কৃষককে চলতি মৌসুমে ভুট্টা এবং বরো ধান লাইনে রোপন ও মাটি পরিক্ষা করে পরিমিত রসায়নিক সার ও জৈব সার বোরো জমিতে প্রয়োগের পরামর্শ প্রদান করা হয়। | | |
| মেরী স্টোপস ক্লিনিক | (১) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম<br>(২) নিরাপদ এমআর করণ | বিবেচ্য মাসে প্রসবকালীন স্বাস্থ্য সেবা দেওয়া হয় ৪৭ জনকে এবং যৌন সংক্রমন চিকিৎসা সেবা দেওয়া হয় ৭৫ জনকে।<br>বিবেচ্য মাসে ১০৬ জনকে নিরাপদ এমআর সেবা প্রদান করা হয়। | দিনাজপুর সদর | |
| এফপিএবি | (১) স্বাস্থ্য কার্যক্রম<br>(২) চিকিৎসা প্রদান কার্যক্রম | বিবেচ্য মাসে স্থায়ী পদ্ধতি গ্রহণকারী পুরুষ- ০২ জন এবং নারী- ১০ জন।<br>বিবেচ্য মাসে সাধারণ রোগের চিকিৎসা সেবা প্রদান করা হয় ৯২৩ জনকে এবং ৪টি পরিবার উন্নয়ন কেন্দ্রে ৮০০০/- টাকার বিনা মূল্যে ঔষধ প্রদান করা হয়। | দিনাজপুর সদর | |
| ব্র্যাক | (১) ঋণ কার্যক্রম<br>(২) শিক্ষা কার্যক্রম<br>(৩) স্যানিটেশন কার্যক্রম<br>(৪) বনায়ন কার্যক্রম<br>(৫) নারী নির্যাতন প্রতিরোধ ও নারীর ক্ষমতায়ন<br>(৬) প্রতিবন্ধী কার্যক্রম<br>(৭) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম<br>(৮) কৃষি ও পরিবেশ<br>(৯) প্রাকৃতিক দুর্যোগ ও ব্যবস্থাপনা | বিবেচ্য মাসে ক্ষুদ্র মহিলা ঋণ দেওয়া হয় ১০২৫ জন কে ৩,৮০,৫০,০০০/- টাকা এবং কৃষি ঋণ দেওয়া হয় ৭৫ জনকে ২০,৫০,০০০/- টাকা।<br>বিবেচ্য মাসে চলমান ব্র্যাক প্রাইমারী স্কুল সংখ্যা ০৫ টি, ছাত্র/ছাত্রী সংখ্যা ১৪৫ জন। শিক্ষকদের বিষয় ভিত্তিক প্রশিক্ষণ প্রদান চলতি মাসে ২ জনকে দেওয়া হয় এবং এ পর্যন্ত ১৭টি স্কুলের ৭০ জন শিক্ষককে বিষয় ভিত্তিক প্রশিক্ষণ দেওয়া হয়।<br>বিবেচ্য মাসে গ্রাম ওয়াশ কমিটির মিটিং ০১টি অনুষ্ঠিত হয় এবং এ পর্যন্ত ১৬৮ টি ওয়াটশন মিটিং অনুষ্ঠিত হয়েছে। ৩৬ টি স্কুলে স্যানিটেশন তৈরি করে দেওয়া হয়েছে এবং স্যানিটেশন মাস অক্টোবর/১৮ মাসব্যাপি উদযাপন করা হয়েছে।<br>বিবেচ্য মাসে ১০২৫০ টি চারা বিক্রয়ের মাধ্যমে পরিবেশ ও বনায়নে সহায়তা করা হয়েছে। এছাড়া কৃষি প্রযুক্তি ও বৃক্ষ মেলা ২০১৮ ব্র্যাক অংশগ্রহণ করে ১ম স্থান অধিকার করেছে।<br>চলতি মাসে ০৩ টি পরিবারকে এবং ২০১৯ইং অর্থবছরে ১৫টি পরিবারকে নির্যাতন হতে প্রতিরোধ করা হয়েছে।<br>বিবেচ্য মাসে ব্র্যাক স্কুলে ৮৫ জন প্রতিবন্ধী ছাত্র/ছাত্রীদের ভর্তি করে সকল প্রকার সযোগ সুবিধা দিয়ে আসছে। বিশ্ব প্রতিবন্ধী দিবস/২০১৯ পালন করা হয়েছে।<br>বিবেচ্য মাসে গর্ভকালীন সেবা প্রদান করা হয় ১২৩৫ জনকে এবং ২০১৯ অর্থ বছরে ৬১৭০ জনকে সেবা প্রদান করা হয়।<br>বিবেচ্য মাসে কৃষি প্রযুক্তি ব্যবহার করে ৫০০ কেজি, ২০১৯ অর্থ বছরে ২০০০কেজি রবি ও খরিপ মৌসুমী সবজিবীজ যেমন লাউ, মুলা, শিম, শসা, মিষ্টি কুমড়া ইত্যাদি উৎপাদন করা হয়েছে।<br>ব্র্যাক দিনাজপুর সদর বিবেচ্য মাসে জেলা প্রশাসনের সাথে যৌথভাবে বিশ্ব পরিবেশ দিবশ/২০১৯ এবং জাতীয় দুর্যোগ প্রশমন দিবস/২০১৯ পালন করেছে। | দিনাজপুর সদর | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা আদায়ের অনুরোধ করা হলো। |

| | | | | |
|---|---|---|---|---|
| | (১০) প্রশিক্ষণ | বিবেচ্য মাসে লার্নিং সেন্টার মাধ্যমে ২০০ জন ব্র্যাক উপকারভোগী কর্মী/কর্মকর্তাকে এবং ১৫০ জন অন্যান্য প্রতিষ্ঠানের কর্মী/কর্মকর্তাকে প্রশিক্ষণ দেওয়া হয়। | | |
| | (১১) নৃত্তাত্তিক জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়ন ও ক্ষমতায়ন। | বিবেচ্য মাসে নৃত্তাতিক জনগোষ্ঠীর জীবন মান উন্নয়ন ও ক্ষমতায়নে ব্র্যাক স্কুলে ২৫৫ জন ছাত্র/ছাত্রীদের ভর্তি করে সকল প্রকার সুযোগ সুবিধা দিয়ে আসছে। | | |
| | (১২) মাদক বিরোধী ও ধুমপান বিরোধী কার্যক্রম | ব্র্যাক দিনাজপুর সদর উপজেলায় মাদক দ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তর এবং জেলা প্রশাসনের সাথে যৌথভাবে মাদক বিরোধী এবং ধূমপান মুক্ত দিবস পালন করেছে। | | |
| ওয়াইডাব্লিউসিএ | ১। শিক্ষা কার্যক্রম<br><br>২। ঋণ কার্যক্রম | বিবেচ্য মাসে নার্সারী ও ফ্রি স্কুলের ছাত্র-ছাত্রীদের প্রথম সাময়িক পরীক্ষার ফলাফল ঘোষণা করা করা হয়েছে।<br><br>বিবেচ্য মাসে ৩৬ জনকে ৬,৪৮,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়। এমাসে ঋণ আদায় করা হয় ৩,৭৬,১৩৮/- টাকা। সঞ্চয় আদায় হয় ৫১,৭২২/- টাকা। | দিনাজপুর সদর | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা আদেয়ের অনুরোধ করা হলো। |
| অনন্যা সংস্থা | প্রতিবন্ধী উন্নয়ন কর্মসূচী<br><br>দিবস পালন | ❖ ০৮ জন প্রতিবন্ধীকে ব্যায়াম পরামর্শ দেওয়া হয়, ০৩ জনকে চক্ষু হাপাতালে রেফার করা হয়, ০২টি সচেতনতামূলক সভা করা হয়।<br><br>❖ ১লা মে বিশ্ব শ্রমিক দিবস উপলক্ষে অফিসের সপ্তাহিক সভায় এ বিষয়ে আলোচনা করা হয়। | দিনাজপুর সদর | |
| জেএসকেএস সংস্থা | ❖ যুব সমাবেশের মাধ্যমে দল গঠন | বিবেচ্য মাসে যুব সমাবেশের মাধ্যমে দল গঠন করা শেষ হয়েছে ৪টি ইউনিয়নে মোটি ৩৬টি। এখন প্রতিটি ইউনিয়নের ফোরম গঠণের কাজ চলমান রয়েছে যা আগামী ১২ই জুন শেষ হবে। | দিনাজপুর সদর | |
| মশীহপাড়া চাইল্ড ডেভেলপমেন্ট স্পন্সরশীপ প্রোগ্রাম, বিডি- ২২৫ | (১) সামাজিক শিক্ষা কার্যক্রম<br><br>(২) জাতীয় শিক্ষা কার্যক্রম<br><br>(৩) বাড়ি পরিদর্শন | বয়স অনুযায়ী শিশুদের সামাজিক সচেতনতা শিক্ষা প্রদান করা হয়েছে।<br>৬-৮ বছরে= ক) পরিবারের দায়-দায়িত্ব মেনে নেওয়া খ) ভাল বন্ধু হওয়া, গ) সৎ কাজে বন্ধুদের উৎসাহ দেওয়া।<br>৯-১১ বছর= ক) পরিবারের দায়-দায়িত্ব মেনে নেওয়া খ) ভাল বন্ধু হওয়া, গ) সৎ কাজে বন্ধুদের উৎসাহ দেওয়া।<br>১৬০ জন শিশু দিনাজপুরের বিভিন্ন প্রাইমারী স্কুল, কিন্ডার গার্টেন, হাই স্কুলে ও কলেজে লেখাপড়া করছে। সপ্তাহের ৫দিন ২ঘন্টা ৩ জন স্পেশালিস্ট শিক্ষকের মাধ্যমে ৮ম- দ্বাদশ শ্রেনী পর্যন্ত স্পেশাল শিক্ষা প্রদান করা হচ্ছে।<br>এ মাসে প্রকল্পের ৪০ টি শিশুর বাড়ি পরিদর্শনে যাওয়া হয়। এবারের মূল বিষয় ছিল শিশুর উপস্থিতি, পড়াশুনা, পরীক্ষা ও শিশু ডিপার্চার এ বিষয়ে গুরুত্বারোপ। | দিনাজপুর সদর। | |
| আমইর চাইল্ড ডেভেলপমেন্ট স্পন্সরশীপ প্রোগ্রাম, বিডি- ২৪৫ | (১) শিক্ষা কার্যক্রম<br><br>(২) পুষ্টিকর খাবার প্রদান<br>(৩) সংস্কৃতিক কার্যক্রম | ১৮৯ জন শিশু দিনাজপুরের মোট ৮টি স্কুলে পড়াশুনা করছে। ৬ জন শিক্ষকের মাধ্যমে সকালে ও বিকালে কোচিং ক্লাশ করানো হয়।<br>৮৯ জন শিশুকে সপ্তাহে ৩ দিন খাবার তালিকা অনুযায়ী ভাত, ডিম, মাছ, মাংশ, ডাল ও ফল খাওয়ানো হয়।<br>৫৬ জন শিশুকে সপ্তাহে ৩ (তিন) দিন নাচ ও গান শিখানো হয়। | দিনাজপুর সদর। | |
| দি লেপ্রসী মিশন বাংলাদেশ | (১) স্যানিটেশন কার্যক্রম<br>(২) প্রতিবন্ধী কার্যক্রম | বিবেচ্য মাসে স্বাস্থ্যসম্মত পায়খানা ব্যবহারে সদস্যদের বিভিন্ন মুখী কর্মের মাধ্যমে উদ্বুদ্ধকরণ ও সচেতনতা বৃদ্ধি করা হয়।<br>বিবেচ্য মাসে কুষ্ঠ ও অন্যান্য শারিরীক প্রতিবন্ধীদের নিয়ে দল গঠন ও শক্তিশালীকরণ কার্যক্রম চলমান রয়েছে মোট ২৬ টি দল চলমান আছে। যার সদস্য সংখ্যা ২৭১ জন। | দিনাজপুর সদর উপজেলা | |

| | | | | |
|---|---|---|---|---|
| | (৩) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম<br>(৪) প্রশিক্ষণ কার্যক্রম | বিবেচ্য মাসে ২২ জন নতুন সন্দেহভাজন রোগী হাসপাতালে প্রেরণ করা হয় এবং তাদের মধ্যে ০৩ জন কুষ্ঠ রোগী সনাক্ত করা হয়।<br>বিবেচ্য মাসে প্রতিবন্ধী সদস্য ও তাদের পরিবারের সদস্যদের সমাজ ভিত্তিক কারিগরী প্রশিক্ষনের মাধ্যমে জীবন জীবিকার মান উন্নয়ন সহায়তাকরণ সম্পর্কে অবহিত করা হয় | | |
| ওয়ার্ল্ড ভিশনবাংলাদেশ, নর্দান বাংলাদেশ রিজিওনাল ইন্টিগ্রেটেড কমিউনিটি ডেভেলপমেন্ট প্রকল্প | (১) স্বাস্থ্য, পুষ্টি, নিরাপদ পানি ও পয়ঃ নিষ্কাশন কর্মসুচী<br><br>(২) জীবিকায়ন ও অর্থনৈতিক উন্নয়ন কর্মসুচী<br><br>(৩) জন সম্পৃক্তকরণ ও স্পন্সরশীপ পরিকল্পনা | ❖ পুষ্টি কর্মসূচি (শিশুর ওজন পরিমাপের মাধ্যমে শিশুর পুষ্ট মান নির্নয় ও শিশুর মাকে নিয়ে সচেতনতা/ অভ্যাস পরিবর্তনের জন্য সেশন)-৫৪১১ জন (শিশু)<br>❖ পানি ও পয়ঃনিষ্কাশন বিষয়ে সচেতনতা মুলক সেশন- অংশগ্রহনকারী ৮৭৪ জন।<br>❖ পয়ঃ নিষ্কাশন (হার্ডঅয়ার)/ ল্যাট্রিন বিতরন ১১০ সেট, ১১০ টি পরিবারকে।<br><br>❖ আত্ব-কর্ম সংস্থান বৃদ্ধির জন্য ৪৭ জন হত দরিদ্র পরিবারকে সহায়তা দান।<br>❖ আত্ব-কর্ম সংস্থান বিয়য় কাযক্রম পরিচালনার জন্য ১২ সহায়তাকারীদের পারিশ্রমিক প্রদান<br>❖ বসত বাড়ীতে পুষ্টি বিষয়ক সবজি চাষ বিষয়ক ৬২ জন হত দরিদ্র লক্ষিত পরিবারের সদস্যের প্রশিক্ষণ প্রদান।<br>❖ বাজার উন্নয়ন ও বিপনন কার্যক্রমের আওতায় ২৭ জন উপকার ভোগীকে প্রশিক্ষণ প্রদান।<br><br>❖ শিশু নির্যাতন, সহিংযতা রোধ বিষয়ক সচেতনতা ও শিশু বিয়য়ক কার্যক্রম-অংশগ্রহনকারী- ৪৮২ জন (শিশু ও মহিলা) ।<br>❖ শিশু শ্রম ও নির্যাতন রোধের জন্য সচেতনতা মূলক সেশন- অংশগ্রহনকারী- ৭৪৬ জন । | পৌরসভা, আউলিয়া পুর, চেহেলগাজী শেখপুরা ইউনিয়ন | |
| নুরমিশন বাংলাদেশ | (১) ল্যাট্রিন বিতরণ<br><br>(২) শিক্ষা কার্যক্রম | বরাদ্দ না আসায় বিবেচ্য মাসে কার্যক্রম ছিল না।<br><br>বিবেচ্য মাসে উচ্চ শিক্ষা সহায়তা প্রদান ও নার্সিং/বিডিএস সহায়তা প্রদান কোয়াটারলী ভিত্তিতে বাস্তবায়ন করা হয়। | দিনাজপুর সদর। | |
| এনডিএফ | (১) শিক্ষা সাপোর্ট কার্যক্রম<br><br>(২) সভা সেমিনার | ১জন অটোমেটিভ এবং ২য় জন মেশিনিস্ট ট্রেডে সোসাইটি ফর সোস্যাল সার্ভিস (এসএসএস) কারিগরিতে ১ বছর মেয়াদি প্রশিক্ষণ গ্রহণ করছেন।<br>সিনিয়র স্টাফ মিটিং প্রধান কার্যালয়ে ১ বার করা হয়। | দিনাজপুর সদর | |
| অনুঘটক | (১) বনায়ন কার্যক্রম<br><br>(২) মাদক বিরোধী ও ধুমপান বিরোধী কার্যক্রম | বিবেচ্য মাসে পরিবেশ বান্ধব নার্সারী করা হয় ০৫ টি।<br><br>বিবেচ্য মাসে মাদকজাত দ্রব্য জনসচেতনতা সভা করা হয় ০১টি। | দিনাজপুর সদর | |
| সিডিএ | ❖ কৃষি ও পরিবেশ এবং অন্যান্য কার্যক্রম | বিবেচ্য মাসে সামিতির সাপ্তাহিক সভা অনুষ্ঠিত হয় ৪০টি, জনসংগঠনের সাধারন পরিষদের সভা অনুষ্ঠিত হয় ১২টি, জনসংগঠনের নির্বাহী পরিষদের সভা অনুষ্ঠিত হয় ১৬টি, জনসংগঠন সাধারণ সভায় ফিল্পচার্ট প্রদর্শন করা হয়েছে ২টি। এছাড়া বিবেচ্য মাসে আইন সহায়তা প্রদান করা হয়েছে - ০১টি এবং প্রশিক্ষণ প্রদান কার্যক্রম সম্পন্ন করা হয়েছে - ০২ টি। | দিনাজপুর সদর। | |
| পল্লীশ্রী | (১) ঋণ কার্যক্রম<br><br>(২) বাল্য বিবাহ রোধ কার্যক্রম | বিবেচ্য মাসে ৯৪,২৭,০০০/- টাকা ঋণ বিতরণ ও ৬৭,৪১,৭৬৯/- টাকা ঋণ আদায় করা হয়।<br>বিবেচ্য মাসে নারীর প্রতি সহিংসতা প্রতিরোধের বিষয় নিয়ে আলোচনা করায় ৯৭ জন সদস্যের মধ্যে সচেতনতা বৃদ্ধি পাওয়ায় ৬০ জন যুব সদস্য বাল্য বিবাহ করবে না বলে | দিনাজপুর সদর। | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা |

| | | | | |
|---|---|---|---|---|
| | (৩) সভা কার্যক্রম | অঙ্গিকার করেছে।<br>বিবেচ্য মাসে নারী ক্লাবে ০৫টি সভা হয়েছে। সভার আলোচ্য বিষয় ছিল- বৈষম্য কি ও নারীর প্রতি বৈষম্য দূরীকরণের উপায় কি? | | আদায়ের অনুরোধ করা হলো। |
| গাওসুল আযম বিএনএসবি আই হসপিটাল | (১) আই কেয়ার সাপোর্ট<br>(২) কাতার ক্রিয়েটিং ভিশন | বিবেচ্য মাসে ২৯টি ক্যাম্পে রোগীর চোখ অপারেশন করা হয়। এছাড়া পিইসিতে ১৭২৫ জন রোগীর চক্ষু পরীক্ষা করা হয় এবং ১৭৬ দরিদ্র রোগীদের বিনামূলে চক্ষু সেবা প্রদান করা হয়।<br>বিবেচ্য মাসে ৪৯৯৫ শিশুর চোখ স্ক্রীনিং, ১৮৬ শিশুর গ্লাস প্রেসক্রাইবড, ৭০ জন শিশুর হাসপাতাল/ভিশন সেন্টার থেকে গ্লাস প্রোভাইড এবং ৬ জন দরিদ্র শিশুর চক্ষু সেবা সংক্রান্ত আর্থিক সহায়তা প্রদান করা হয়। | দিনাজপুর সদর | |
| সিডিডি | (১) সুদমুক্ত ঋণ কার্যক্রম<br>(২) শিক্ষা কার্যক্রম<br>(৪) প্রতিবন্ধী কার্যক্রম | বিবেচ্য মাসে ৭১ জন প্রতিবন্ধী ব্যক্তিকে আয় বৃদ্ধিমূলক কাজেরে জন্য সুদমুক্ত ঋণ প্রদান করা হয়েছে এবং তাদের ব্যবসা ফলোআপ করা হয়েছে।<br>বিবেচ্য মাসে ৬টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৪ টি উচ্চ বিদ্যালয়ের প্রতিবন্ধী শিক্ষার্থীদের শিক্ষা বিষয়ক কার্যক্রম ফলোআপ করা হয়েছে।<br>বিবেচ্য মাসে প্রতিবন্ধী ব্যবিতএদর সহায়ক দল গঠন ৯৯টি এবং প্রতিবন ্ধী ব্যক্তিদের অধিকার ও সুরক্ষা আইন-২০১৩, বিষয়ক আলোচনা করা হয়েছে। | দিনাজপুর পৌরসভা. ও দিনাজপুর সদর উপজেলা। | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা আদায়ের অনুরোধ করা হলো। |
| ডেমক্রেসি ওয়াচ | নারীর উন্নয়ন ও ক্ষমতায়ন | ➢ নির্বাচিত নারী জনপ্রতিনিধিরা স্থানীয় সেবার মান উন্নয়নে এবং দারিদ্রতা দূরীকরণে জনগণের কাছে দায়বদ্ধ থেকে সাবেক এবং ভবিষৎ নারী প্রতিনিধিদের সঙ্গে নিয়ে নারী ক্ষমাতায়নে সুনির্দিষ্ট ভূমিকা রাখবে।<br>➢ নারী বান্ধব উন্নয়ন, সেবা প্রদান ব্যবস্থার উন্নয় এবং নারীর ক্ষমতায়নের লক্ষ্যে সহায়ক আইনি কাঠামো, জনসমর্থন ও রাজনৈতিক সদিচ্ছা অর্জন করা। | দিনাজপুর সদর | |
| ব্লাস্ট | ❖ আইন সহায়তা কার্যক্রম | বিবেচ্য মাসে অভিযোগ গ্রহন করা হয় ২৮ টি, পরামর্শ প্রদান করা হয় ০৫ টি, মামলা দায়ের ১২ টি, মামলা নিস্পত্তি ১৭ টি। | দিনাজপুর সদর | |
| এসবিও | (১) বৃক্ষরোপন কর্মসূচী<br>(২) বস্তি উন্নয়ন প্রকল্প | বিবেচ্য মাসে বৃক্ষরোপন কর্মসূচীর পরিচর্যার কাজ চলমান রয়েছে।<br>বিবেচ্য মাসে বস্তি বাসিদের নিয়ে ২টি মিটিং করা হয়। সেখানকার অবকাঠামোগত উন্নয়ন বিষয় যেমন ড্রেনেজ ব্যবচস্থা উন্নয়ন ও রাস্তার উন্নয়নে কাজ করা হয়। | দিনাজপুর সদর | |
| এমবিএসকে | (১) ঋণ কার্যক্রম<br>(২) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম<br>(৩) শিক্ষা কার্যক্রম প্রশিক্ষণ সহ<br>(৪) স্যানিটেশন কার্যক্রম | বিবেচ্য মাসে আয় বর্ধনমূলক খাতে ১৮.১০ কোটি টাকা, জীবনযাত্রার মানোন্নয়ন খাতে ৭৫.১৫ কোটি টাকা ও সম্পদ সৃষ্টি খাতে ২.০৩ কোটি টাকা ঋণ বিতরণ করা হয়েছে।<br>৫ নং শশরা ইউনিয়নের ৬৬৪২টি খানার মধ্যে ২৮০০০ জন উপকারভোগী রয়েছে। উক্ত ইউনিয়নে ১০০% স্বাস্থ্যসেবা নিশ্চিত করণের লক্ষ্যে ০২জন এমবিবিএস ডাক্তার, ০২ জন প্যারামেডিকেল ডাক্তার এবং ১৪ জন স্বাস্থ্য সহকারীর মাধ্যমে প্রতিনিয়নত স্বাস্থ্যসেবা প্রদান করা হচ্ছে।<br>৫ নং শশরা ইউনিয়নের ১৯ টি গ্রামে ৫১ টি বিদ্যালয়ে ৫১ জন শিক্ষাকার মাধ্যমে মোট ১১৩৫ জন ছাত্র ছাত্রীকে শিক্ষা প্রদান করা হচ্ছে।<br>দরিদ্র জনগোষ্ঠীর স্যানিটেশন পণ্য ক্রয় করার জন্য অর্থের যোগান দিয়ে উন্নত ও স্বাস্থ্যসম্মত স্যানিটেশন ব্যবহারে অভিগম্যতা বৃদ্ধি করার লক্ষ্যে সংস্থা স্যানিটেশন উন্নয়ন প্রকল্প (SDL) বাস্তবায়ন করছে। | দিনাজপুর সদর ও ৫ নং শশরা ইউপি | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা আদায়ের অনুরোধ করা হলো। |

| | | | | |
|---|---|---|---|---|
| | (৩) প্রবীন জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন | প্রবীন জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচির আওতায় চলতি মাসে ৭৯ জন অসহায় শারীরীকভাবে প্রতিবন্ধী প্রবীন ব্যক্তিকে ৫৫০ টাকা করে বয়স্ক ভাতা প্রদান করা হয়। এ পর্যন্ত ৩৮০০০০ টাকা বয়স্ক ভাতা প্রদান করা হয়। | | |
| ❖ অন্যান্য/বিবিধ | | যেসকল সংস্থা মাসিক প্রতিবেদন জমা দেন নাই তাদের কে আগামী মাস হতে বিনা ব্যর্থতায় প্রতিবেদন জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো।<br><br>উল্লেখযোগ্য সংস্থাগুলো হলো- টিএমএসএস, অরবিন্দু শিশু হাসপাতাল, এসএমএনবি, পল্লী বন্ধু, ইএসডিও, নারীর জন্য নারী, অন্বেষন, পিএসটিসি ইত্যাদি। | | |
| ❖ যে সকল সংস্থা সভায় উপস্থিত হয় নাই। | | অরবিন্দু শিশু হসপিটাল, কাঞ্চন, এসইউপিকে, প্রত্যাশা, সিডিডি, উত্তরণ, এসএমএনবি, ইত্যাদি সংস্থা সভায় উপস্থিত হয় নাই। | | |

## আলোচনান্তে গৃহীত সিদ্ধান্তসমূহঃ

১। প্রতিটি সংস্থা তাদের প্রতিবেদনে সুনিদিষ্টভাবে গৃহীত কার্যক্রম দাখিল করবেন এবং প্রতিটি সংস্থাকে প্রতি মাসের ১ হতে তারিখ থেকে ৭ তারিখের মধ্যে মাসিক সভায় কার্যবিবরনীর ছক মোতাবেক মাসিক প্রতিবেদন জমা দেওয়ার জন্য সিদ্ধার্ন্ত গৃহিত হয়। প্রতিটি এনজিওকে প্রকল্প শুরুর প্রাক্কালে এফ ডি-৬ এর কপি উপজেলা সমাজসেবা অফিসারে এর নিকট জমা দেওয়ার সিদ্ধার্ন্ত গৃহিত হয় এবং প্রকল্প চলাকালে স্থানীয় প্রশাসন ও জনপ্রতিনিধিকে সক্রিয়ভাবে অংশগ্রহণ নিশ্চিত করার জন্য সিদ্ধার্ন্ত সভায় গৃহীত হয়।

২। সকল এনজিও/সংস্থা কর্তৃক প্রদেয় স্যানিটেশনসহ সকল সুবিধা প্রদানের ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসারের অনুমতিক্রমে এলাকা নির্বাচনের সিদ্ধান্ত সভায় গৃহীত হয়।

৩। যে সকল এনজিও কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানে ল্যাট্রিন প্রদানের ব্যবস্থা গ্রহণ করে থাকেন তাঁদের ল্যাট্রিন প্রদানের একটি তালিকা জনস্বাস্থ্য প্রকৌশলীকে এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।

৪। **'সনাক' দিনাজপুর** সংস্থা আগামী মাসে মাল্টিমিডিয়ার মাধ্যমে তাঁদের কার্যক্রম উপস্থাপন করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

৫। অত্র উপজেলার ভিক্ষুক পুর্নবাসনের জন্য ভিক্ষুকের তালিকা মাসিক প্রতিবেদনে এনজিও প্রতিনিধিগন দাখিল করবেন মর্মে সিদ্ধান্ত গ্রহীত হয়।

৬। সভার কার্যবিবরনীর ছক অনুযায়ী মাসিক প্রতিবেদন প্রদান করার জন্য উপস্থিত সকল এনজিওকে অনুরোধ করা হলো।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপন অন্তে সভার সমাপ্তি ঘোষনা করেন।

মোঃ ফিরুজুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা এনজিও বিষয়ক সমন্বয় কমিটি
দিনাজপুর সদর, দিনাজপুর।
ফোন নং: ০৫৩১-৬৫১২২
E-mail: unodinajpur@mopa.gov.bd

২০/০৬/১৯

## পরিশিষ্ট - 'ক'

উপস্থিত সদস্যদের নাম ও পদবী

( স্বাক্ষরের ক্রমানুসারে)

১। জনাব মো: আসাদুজ্জামান, উপজেলা সমাজসেবা অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর "
২। জনাব মর্জিনা খাতুন রূপা, প্রোগ্রাম অফিসার, জেএসকেএস, দিনাজপুর ঝানজিরাহাট, সদর, দিনাজপুর। "
৩। জনাব নাজমা বেগম, আঞ্চলিক সমন্বয়কারী, কমিউনিটি ডেভেলপমেন্ট এসোসিয়েশন, সদর, দিনাজপুর "
৪। জনাব মোঃ আনোয়ারুল ইসলাম বাবলু, নির্বাহী পরিচালক, অনুঘটক ডেরগানী-২, রামনগর, দিনাজপুর "
৫। জনাব অনুকুল চন্দ্র বর্ম্মন, এপিসি ম্যানেজার, দিনাজপুর এপি, ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ, ঈদগাহ/আ/এ, দিনাজপুর "
৬। জনাব মোঃ ইয়াসিন আলী, জেলা সমন্বয়কারী, মানব কল্যাণ পরিষদ-এমকেপি, বালুবাড়ী, দিনাজপুর "
৭। জনাব মোঃ মহসিন আলী, জেলা ব্র্যাক প্রতিনিধি, ব্র্যাক আঞ্চলিক অফিস, বাঁশেরহাট, দিনাজপুর। "
৮। জনাব মোঃ শাহীনুর ইসলাম, প্রোগ্রাম সমন্বয়কারী, এফপিএবি, ঘাসিপাড়া, দিনাজপুর "
৯। জনাব শুকলা রায়, উপজেলা কো-অর্ডিনেটর, ডেমোক্রিসি ওয়াচ, উত্তর বালুবাড়ী, দিনাজপুর "
১০। জনাব সেবাষ্টিয়ান হেম্ব্রম, লিগ্যাল প্রমোটর, এনডিএফ, ডাঙ্গাপাড়া, সদর, দিনাজপুর। "
১১। জনাব বিশু টপ্য, ক্রেডিট সুপাইভাইজার, ওয়াইডাব্লিউসিএ, বড়পুল, পুলহাট, দিনাজপুর "
১২। জনাব রাসেল রানা, অর্থ সম্পাদক, উত্তরণ প্রতিবন্ধী সংস্থা, রামডুবিহাট, সদর, দিনাজপুর "
১৩। জনাব রবিন মুরমু, সিডিএফ, দি লেপ্রসি মিশন, দিনাজপুর "
১৪। জনাব জেমস বিশকর্মা, হিসাব রক্ষক, মশীহপাড়া সি.ডি.এস.পি, সদর, দিনাজপুর। "
১৫। জনাব মোঃ রাশেদুল ইসলাম, ব্রাঞ্চ ম্যানেজার, এসকেএফ ফাউন্ডেশন, সদর, দিনাজপুর "
১৬। জনাব মোঃ নুরুজ্জামান হক, শাখা ব্যবস্থাপক, নিরা, মির্জাপুর, সদর, দিনাজপুর। "
১৭। জনাব ডিএসএম জিল্লুর রহমান, নির্বাহী পরিচালক, বিবিডিএস, বড়পুল, সদর, দিনাজপুর। "
১৮। জনাব মুর্শেদা পারভীন মলি, সহকারী অফিসার (এইচ আর), এমবিএসকে, বালুবাড়ী, দিনাজপুর "
১৯। জনাব মো: মামুনুর রহমান, এফ.এস, পিএসটিসি সংযোগ, দিনাজপুর সদর, দিনাজপুর "
২০। জনাব মো: আলাউদ্দিন, মাঠ কর্মকর্তা, কারিতাস দিনাজপুর "
২১। জনাব রাবেয়া খাতুন, হিসাব রক্ষক, অনন্যা সংস্থা, দিনাজপুর সদর, দিনাজপুর "
২২। জনাব মো: মোকসেদুর রহমান, সুপার ভাইসার, সোসাইটি ফর উদ্যোগ, ঘাসিপাড়া, সদর, দিনাজপুর "
২৩। জনাব মো: হামিদুর রহমান, সিনিয়র আউটরিচ....., গাওসুল আযম আই হসপিটাল, দিনাজপুর। "
২৪। জনাব রেবেকা সুলতানা, সিবিএম, মেরী স্টোপস, বালুবাড়ী, দিনাজপুর "

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়
দিনাজপুর সদর, দিনাজপুর।

স্মারক নং-৪১.০১.২৭৬৪.০০০.০৫.০০৫.২০১৯. ৭৪ তারিখ ঃ ২০ জুন, ২০১৯ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ

১। কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
২। জেলা প্রশাসক, দিনাজপুর।
৩। চেয়রম্যান, উপজেলা পরিষদ, দিনাজপুর সদর, দিনাজপুর।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

৪। উপজেলা..........................কর্মকর্তা, দিনাজপুর সদর, দিনাজপুর।
৫। চেয়ারম্যান ,..................নং .............ইউপি সকল দিনাজপুর, দিনাজপুর।
৬। জনাব.....................................এনজিও প্রতিনিধি দিনাজপুর সদর, দিনাজপুর।

২০/৬/১৯
মোঃ আসাদুজ্জামান
উপজেলা সমাজসেবা অফিসার
দিনাজপুর সদর,দিনাজপুর